DEC. 29 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# গভঃ ল্যাবরেটরী স্কুলে ষষ্ঠ শ্রেণীতে ভর্তির নতুন নিয়মে অভিভাবকরা হতাশ

**স্টাফ রিপোর্টার** ঃ ধানমণ্ডি গভঃ ল্যাবরেটরী স্কুলের ষষ্ঠ শ্রেণীতে আগামী শিক্ষাবর্ষে, ধানমণ্ডি থানাধীন সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলো থেকে মাত্র ২৪ জন ছাত্র ছাড়া আর কাউকে ভর্তি করা হবে না। স্কুলের এই সিদ্ধান্তে রাজধানীর হাজার হাজার অভিভাবক হতাশ ও ক্ষুব্ধ। ধানমণ্ডি থানার সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোর ৫ম শ্রেণী উত্তীর্ণ ছাড়া অন্যান্য স্কুরের ৫ম শ্রেণী উত্তীর্ণ ছাত্র ভর্তির সুযোগ পাবে না। এ ব্যাপারে গভঃ ল্যাবরেটরী স্কুলের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, স্কুলে এবার ষষ্ঠ শ্রেণীতে একটি আসনও খালি নেই। বর্তমানে এই স্কুলের ষষ্ঠ শ্রেণীতে মোট ৪টি শাখায় ২৪০টি আসন রয়েছে। আসন খালি না থাকার কারণে তারা ষষ্ঠ শ্রেণীতে ২০০২ সালে বাইরের কাউকে আর ভর্তি করতে পারছেন না। কিন্তু প্রতিবছর ১০% আসনে যেহেতু স্থানীয় থানা এলাকার সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোর ছাত্র ভর্তি বাধ্যতামূলক, তাই তারা সরকারী বিধান অনুযায়ী অতিরিক্ত হলেও উক্ত স্কুলসমূহের মাত্র ২৪ জন ছাত্রকে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে ভর্তি করার সিদ্ধান্ত নিয়েছেন। এজন্য নির্ধারিত ফরম বিতরণ করা হচ্ছে এবং ফরমের উপরে বিষয়টি ঘোষণা আকারে ছাপিয়ে দেয়া হয়েছে। এ ব্যাপারে শিক্ষা অধিদপ্তরের অনুমোদন রয়েছে বলে তিনি জানান। তবে রাজধানীর অন্যান্য সরকারী স্কুলে এ ধরনের কোন পদক্ষেপ নেয়া হয়নি।